



নাটোর জেলা কারাগারের কারা পরিদর্শক বোর্ডের এবং খাদ্যের মান নিশ্চিত, ঔষধ ক্রয় ও ব্যবহারের বিষয়ে ভদ্রারকি কমিটির
ত্রৈমাসিক সভার কার্য বিবরণী :

সভাপতি : জনাব শামীম আহমেদ, জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর

তারিখ : ২৭ এপ্রিল ২০২২

সময় : বিকাল- ৩.৩০ ঘটিকা

স্থান : জেল সুপারের কার্যালয়, , নাটোর জেলা কারাগার

উপস্থিত সদস্য : পরিষিষ্ঠ 'ক'

সভাপতি উপস্থিত সকলকে আগত জানিয়ে সভা শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যে সব বিষয় অদ্যাবধি বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর/কর্মকর্তাকে তাঁদিদেয়ার জন্য সিকান্ত গৃহীত হয়। অন্য কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা এবং সিকান্ত গৃহীত হয়।

কার্যবিবরণী :

ক্র. নং	আলোচ্য বিষয়সমূহ	সিকান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১.	কারা বন্দিদের জন্য ০১ টি ওয়ার্ক সেড ও বন্দিদের উৎপাদিত পণ্য প্রদর্শনের জন্য বাহিরে ০১ টি শোরুম নির্মাণ করণ ;	প্রাক্কলন প্রস্তুত করত: দ্রুত ব্যবস্থা গ্রহণ করার সিকান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
২.	কারাগারের পক্ষিম পার্শ্বে ১.৫ (দেড়) একর জমির সীমানা প্রাচীর নির্মাণ করে তা বিদ্যমান সীমানা প্রাচীরের সংগে সংযুক্ত করণ ;	এ বিষয়ে দ্রুত দরপত্র আহবান করতঃ কারা অধিদপ্তরে সকল কাগজ পত্রাদি প্রেরণের জন্য সিকান্ত গৃহীত হয় :	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৩.	১/১০ সেলের উপরে লোহার রড দ্বারা বেস্ট্যুলী নির্মাণ করণ	এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত বিভাগ, নাটোরকে দায়িত্ব দেওয়া হয়েছে ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৪.	কারাগারের উত্তর পার্শ্বে ১০ একর জমি অধিগ্রহণ করণ	জমি অধিগ্রহণের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের সিকান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।

১	২	৩	৪
৫.	সকলের উপস্থিতে কারাবন্দিদের খাবারের মান যাচাই বাছাই করা হয়। বন্দিদের জন্য সরবরাহকৃত চাল ও গমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এসময় জেল সুপার জনান যে চাল ও গম সরকারি খাদ্যগুদাম হতে নিয়ে আসা হয়। চাল ও গমসহ অন্যান্য খাবারের মান, মানসম্মত রাখার বিষয়ে আলোচনা করা হয়;	সরকারী খাদ্য গুদাম হতে সরবরাহকৃত চাল ও গমসহ অন্যান্য খাদ্য সামগ্রী সঠিক মানের সরবরাহ বুঝে নেওয়ার জন্য জেল সুপার, নাটোরকে বলা হলো। এবং এই বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. জেল খাদ্য নিয়ন্ত্রক, নাটোর; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৬.	কারাভ্যাসের হাসপাতালের বন্দিদেরকে সঠিকভাবে সেবা প্রদান এবং সরবরাহকৃত ঔষধের মান নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ঔষধের মান সন্তোষজনক বলে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। কারা হাসপাতালের সহকারী সার্জন জানান যে কারা হাসপাতালে কোন মেয়াদ উর্তীন ঔষধ নাই এবং কারা হাসপাতালে পর্যাপ্ত পরিমাণ ঔষধ সরবরাহ রয়েছে;	পর্যাপ্ত ঔষধ মজুদ রাখা এবং ঔষধের মেয়াদ উর্তীন হওয়ার পূর্বেই তা ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্টদের বলা হলো ঔষধের সঠিক ব্যবহার এবং হাসপাতালের সেবার মান সঠিক রাখার জন্য বলা হয়। এবং এ বিষয়ে দুট ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. জেল সুপার নাটোর জেলা কারাগার; এবং ২. ডাঃ হমায়ন আহমেদ সহকারী সার্জন (ভারপ্রাপ্ত), কারা হাসপাতাল, নাটোর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

০৮০৩/২০২২

(শাহীম আহমেদ)
জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর

ও
সভাপতি
কারা পরিদর্শক বোর্ড
নাটোর জেলা কারাগার।